

“শেখ হাসিনার বারতা  
নারী পুরুষ সমতা”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প  
মহিলা বিষয়ক অধিদপ্তর  
৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।




স্মারক নং- ৩২.০১.০০০০.০০৩.২৫.০৫৫.২১-১২৫৪

তারিখ: ৩১/০৩/২০২২ খ্রি:

**বিষয়: কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পে রাজশাহী, রংপুর ও সিলেট বিভাগের নারী উদ্যোক্তাদের প্রশিক্ষণ  
প্রসঙ্গে।**

মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নধীন কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পে প্রকল্প মেয়াদে ২৯৫২ জন (প্রতি বছর প্রতি উপজেলায় ২ জন করে মোট ৯৮৪ জন) নারী উদ্যোক্তা তৈরী করা হবে। নারী উদ্যোক্তাদের প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনার জন্য ডিপিপি অনুযায়ী দরপত্র আহবানের মাধ্যমে এম/এস মিলান ট্রেড ইন্টারন্যাশনাল নামক ঠিকাদারী প্রতিষ্ঠানকে মনোনয়ন প্রদান করা হয়েছে। উক্ত প্রতিষ্ঠানের মাধ্যমে রাজশাহী, রংপুর ও সিলেট বিভাগের সকল জেলার নারী উদ্যোক্তাদের আগামী ০৫/০৪/২০২২ হতে ০৭/০৪/২০২২ খ্রি: তারিখ পর্যন্ত সর্বমোট ০৩ (তিন) দিন (প্রতিদিন সকাল ১০:০০ টা হতে বিকাল ৪:০০ টা পর্যন্ত) প্রশিক্ষণ কার্যক্রম স্ব স্ব জেলায় উপপরিচালকের কার্যালয়ে প্রদান করা হবে। বিধি অনুযায়ী প্রশিক্ষণার্থীগণ সম্মানী, যাতায়াত ও ব্যবসা শুরু করার প্রাথমিক মূলধন প্রাপ্য হবেন। এমতাবস্থায় প্রকল্প কার্যালয়ে প্রেরিত তালিকা অনুযায়ী প্রতি উপজেলা হতে ০২ (দুই) জন নারী উদ্যোক্তাদেরকে জেলা অফিসে প্রশিক্ষণ কার্যক্রমে উপস্থিত নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট জেলার উপপরিচালক এবং উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাদের নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

উপ পরিচালক (সংশ্লিষ্ট সকল জেলা)  
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (সংশ্লিষ্ট সকল উপজেলা)

  
তারিখ: ৩১/০৩/২০২২  
মো: তারিকুল আলম  
প্রকল্প পরিচালক (যুগ্মবচিব)(অ:দা)  
কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প  
মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।

অনুলিপি (কার্যার্থে):

- ১। প্রোগ্রাম অফিসার, প্রশাসন-১, ওয়েবসাইট (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ) মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
- ২। ফিল্ড সুপারভাইজর, কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প (সংশ্লিষ্ট সকল জেলা)।
- ৩। এম/এস মিলান ট্রেড ইন্টারন্যাশনাল, ক-১৬৫/২, খিলক্ষেত, ঢাকা।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে):

- ১। উপজেলা নির্বাহী কর্মকর্তা (সংশ্লিষ্ট জেলার সকল উপজেলা)।
- ২। অফিস কপি।